

মরিশাসে একটি কমিউনিটি ইভেন্টে প্রবাসী ভারতীয় এবং বন্ধুদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রীর ভাষণ
(11 মার্চ, 2025)

11 মার্চ, 2025

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী, মরিশাসের প্রধানমন্ত্রী, মহামহিম নবীনচন্দ্র রামগুলামের সাথে, আজ ট্রায়ানন কনভেনশন সেন্টারে আয়োজিত একটি বিশেষ অনুষ্ঠানে মরিশাসে ভারতীয় সম্প্রদায় এবং ভারতের বন্ধুদের এক সমাবেশে ভাষণ দেন। এই অনুষ্ঠানে ভারতীয় প্রবাসীদের উৎসাহী অংশগ্রহণ লক্ষ্য করা গেছে, যেখানে শিক্ষার্থী, পেশাদার, বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠন এবং বিজনেস লিডাররাও উপস্থিত ছিলেন। এতে মরিশাসের বেশ কয়েকজন মন্ত্রী, সংসদ সদস্য এবং অন্যান্য গণ্যমান্য ব্যক্তিরও উপস্থিতি ছিল।

2. অনুষ্ঠানে প্রধানমন্ত্রী মোদীকে স্বাগত জানিয়ে প্রধানমন্ত্রী রামগুলাম ঘোষণা করেন যে জাতীয় দিবস উদযাপনের সময় মরিশাস ভারতের প্রধানমন্ত্রীকে তাদের সর্বোচ্চ বেসামরিক পুরস্কার 'গ্র্যান্ড কম্যান্ডার অফ দ্য অর্ডার অফ দ্য স্টার অ্যান্ড কি অফ দ্য ইন্ডিয়ান ওশান [G.C.S.K]' প্রদান করবে। এই অনন্য সম্মানের জন্য প্রধানমন্ত্রী তার কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

3. প্রধানমন্ত্রী তাঁর ভাষণে মরিশাসের প্রধানমন্ত্রীকে তাঁর আন্তরিকতা ও বন্ধুত্বের জন্য এবং দুই দেশের মধ্যে প্রাণবন্ত ও বিশেষ সম্পর্কে শক্তিশালী করে তোলার ক্ষেত্রে তাঁর অবদানের জন্য ধন্যবাদ জানান। সৌজন্যতার বিশেষ প্রতীক হিসেবে, তিনি প্রধানমন্ত্রী রামগুলাম এবং তার স্ত্রী, শ্রীমতী বীণা রামগুলামের হাতে OCI কার্ড তুলে দেন। জাতীয় দিবস উপলক্ষে মরিশাসের জনগণকে শুভেচ্ছা জানিয়ে প্রধানমন্ত্রী দুই দেশের ঐতিহাসিক যাত্রার কথা স্মরণ করেন। তিনি স্যার সিউওসাগুর রামগুলাম, স্যার আনেকুদ জুগনাথ, মণিলাল ডাক্তার এবং অন্যান্য যারা মরিশাসের স্বাধীনতার জন্য লড়াই করেছেন তাদের প্রতি শ্রদ্ধা জানান এবং উল্লেখ করেন যে মরিশাসের জাতীয় দিবস উদযাপনে প্রধান অতিথি হিসেবে যোগদান করা তার জন্য সম্মানের বিষয়। দুই দেশের জনসাধারণের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্কের ভিত্তিতে ঐতিহ্য এবং পারিবারিক সংযোগের কথা তুলে ধরে প্রধানমন্ত্রী মরিশাসে ভারতীয় বংশোদ্ভূত সম্প্রদায় কীভাবে তাদের সাংস্কৃতিক শিকড় সংরক্ষণ এবং লালন করেছে তার প্রশংসা করেন। এই বন্ধনগুলিকে আরও দৃঢ় করার জন্য, মরিশাসের জন্য একটি বিশেষ পরিকল্পনা তৈরি করা হয়েছে যার মাধ্যমে মরিশাসে ভারতীয় বংশোদ্ভূত সপ্তম প্রজন্মের লোকদের জন্য OCI কার্ড উপলব্ধ করা যেতে পারে। প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন যে ভারত গিরমিটিয়ার ঐতিহ্য লালন করার জন্য বেশ কিছু উদ্যোগকে সমর্থন করবে।

4. প্রধানমন্ত্রী উল্লেখ করেছেন যে ভারত মরিশাসের উন্নয়নের ঘনিষ্ঠ অংশীদার হতে পেরে গৌরবান্বিত। তিনি আরও বিশদভাবে বলেন যে ভারত-মরিশাসের বিশেষ সম্পর্ক ভারতের SAGAR ভিশন এবং গ্লোবাল সাউথের সাথে এর সম্পর্কের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। জলবায়ু পরিবর্তনের অভিন্ন চ্যালেঞ্জ মোকাবেলা সম্পর্কে বলতে গিয়ে, তিনি আন্তর্জাতিক সৌর জোট এবং গ্লোবাল বায়োফুয়েলস অ্যালায়েন্সের উদ্যোগে মরিশাসের অংশীদারিত্বের প্রশংসা করেন। এই প্রসঙ্গে, প্রধানমন্ত্রী এক পেডু মা কে নাম (প্ল্যান্ট4মাদার) উদ্যোগের কথাও তুলে ধরেন, যার অধীনে তিনি দিনের শুরুতে ঐতিহাসিক স্যার সিয়ুসাগুর রামগুলাম বোটানিক গার্ডেনে একটি চারা রোপণ করেছিলেন। প্রধানমন্ত্রীর সম্পূর্ণ ভাষণ এখানে দেখে নেওয়া যেতে পারে।

5. অনুষ্ঠানে মনোমুগ্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল, যেখানে ইন্দিরা গান্ধী সেন্টার ফর ইন্ডিয়ান কালচার (IGCIC), মহাত্মা গান্ধী ইনস্টিটিউট (MGI) এবং আন্না মেডিকেল কলেজের শিল্পীরা সাংস্কৃতিক কর্মসূচি পরিবেশনা করেছিলেন।

পোর্ট লুই

11 মার্চ, 2025